

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/২ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-৩৬৭-আইন/২০১৩।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩  
অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান  
মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, লেজিসলেটিভ ড্রাফটিং কর্মকর্তা  
(আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ১৯৯৮ এর নিম্নরূপ অধিকতর  
সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৮ এর পর নিম্নরূপ বিধি ৯ সংযোজিত হইবে, যথা:—

“৯। নন-টেকনিক্যাল পদে পদায়ন।—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের লেজিসলেটিভ ড্রাফটিং কর্মে নিয়োজিত  
বিশেষায়িত টেকনিক্যাল পদ ব্যতীত অন্যান্য নন-টেকনিক্যাল পদে জনপ্রশাসন  
মন্ত্রণালয়ের মাধ্যমে পদায়ন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নন-টেকনিক্যাল পদে পদায়ন লেজিসলেটিভ ও  
সংসদ বিষয়ক বিভাগের প্রথম শ্রেণীর পদের ২৫% এর অধিক হইবে না।

ব্যাখ্যা।—এই বিধিতে উল্লিখিত “বিশেষায়িত টেকনিক্যাল পদ” বলিতে এই  
বিধিমালার তফসিলে উল্লিখিত সহকারী সচিব (ড্রাফটিং), সিনিয়র সহকারী সচিব  
(ড্রাফটিং), উপ-সচিব (ড্রাফটিং), মুগ্ধ-সচিব (ড্রাফটিং), অতিরিক্ত সচিব  
(ড্রাফটিং) এবং সচিব পদকে বুবাইবে।”; এবং

( ১০২৫১ )

মূল্য : টাকা ৪.০০

(খ) তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:—

‘তফসিল  
[বিধি ২(খ) দ্রষ্টব্য]

ক্রঞ্চী	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
(১)	সচিব	-	অতিরিক্ত সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদেন্তিতির মাধ্যমে।	অতিরিক্ত সচিব (ড্রাফটিং) পদে অন্যন্ত ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(২)	অতিরিক্ত সচিব (ড্রাফটিং)	-	যুগ্ম-সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদেন্তিতির মাধ্যমে।	যুগ্ম-সচিব (ড্রাফটিং) পদে অন্যন্ত ৩ (তিনি) বৎসর অথবা সাকুলে ধৰ্ম প্রাপ্তির পূর্বে ১৮ (আঠারো) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৩)	যুগ্ম-সচিব (ড্রাফটিং)	-	উপ-সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদেন্তিতির মাধ্যমে; তবে পদেন্তিতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরকারের সমপর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণের মাধ্যমে।	উপ-সচিব (ড্রাফটিং) পদে অন্যন্ত ৫ (পাঁচ) বৎসর অথবা সাকুলে ধৰ্ম প্রাপ্তির পূর্বে ১৫ (পনের) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৪)	উপ-সচিব (ড্রাফটিং)	-	সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদেন্তিতির মাধ্যমে; তবে পদেন্তিতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরকারের সমপর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণের মাধ্যমে।	সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) পদে অন্যন্ত ৫ (পাঁচ) বৎসর অথবা সাকুলে ধৰ্ম প্রাপ্তির পূর্বে ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৫)	সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)	-	সহকারী সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদেন্তিতির মাধ্যমে; তবে পদেন্তিতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরকারের সমপর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণের মাধ্যমে।	সহকারী সচিব (ড্রাফটিং) পদে অন্যন্ত ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৬)	সহকারী সচিব (ড্রাফটিং)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্তন্ত দ্বিতীয় শ্রেণীর (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শহিদুল হক  
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd